



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/9/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট জুড়ে সহায়ক, জরুরি এবং ট্রানজিশনাল আবাসনের 513টি ইউনিট তৈরি করার জন্য 86 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দ ঘোষণা করেছেন

স্টেটের অর্থায়নে স্থায়ী সহায়ক আবাসনের 479টি ইউনিট এবং 665টি শয্যার স্থায়ী সহায়ক আবাসন এবং চেনাঙ্গো, কটল্যান্ড, ডাচেস, ইরি, মনরো, ওনেইডা, অরেঞ্জ, আলস্টার এবং ব্রঙ্কস কাউন্টিতে 34টি ইউনিট ও 130 শয্যার জরুরি ও ট্রানজিশনাল আবাসন তৈরি এবং সংরক্ষণ করবে

আগে গৃহহীন থাকা প্রাক্তন সেনাকর্মী, গার্হস্থ্য সহিংসতা থেকে রক্ষা পাওয়া ব্যক্তিবর্গ এবং গুরুতর মানসিক অসুস্থতা এবং/অথবা উপাদানের অপব্যবহার সংক্রান্ত অসুস্থতার শিকার ব্যক্তিবর্গ এবং তাদের পরিবারদের সহায়তা করার জন্য অন-সাইট সহায়তা পরিষেবার সাথে আবাসনের সমন্বয়

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট জুড়ে 11টি প্রকল্পকে 86 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দ দেওয়া হয়েছে যা স্থায়ী সহায়ক আবাসনের 479টি ইউনিট ও 665টি শয্যা এবং গৃহহীনতার সম্মুখীন হওয়া পরিবারবর্গ ও ব্যক্তিদের জন্য 34টি ইউনিট এবং 130টি নতুন শয্যার জরুরি এবং ট্রানজিশনাল আবাসন তৈরি এবং সংরক্ষণ করবে। প্রকল্পের বরাদ্দ করা অর্থায়ন, চেনাঙ্গো, কটল্যান্ড, ডাচেস, ইরি, মনরো, ওনেইডা, অরেঞ্জ, আলস্টার এবং ব্রঙ্কস কাউন্টিতে আবাসন তৈরি এবং সংরক্ষণ করবে।

“সহায়ক পরিষেবাসমূহতে সহজ অ্যাক্সেস সহ নিউ ইয়র্কের স্থায়ী সাশ্রয়ী মূল্যের আবাসনের ক্ষেত্রে সরবরাহ সম্প্রসারিত করা আমাদের প্রশাসনের শীর্ষ অগ্রাধিকার,” **গভর্নর হোকল বলেন।** “সম্পূর্ণ হওয়ার পরে, নিউ ইয়র্ক স্টেট জুড়ে এই বৈচিত্রময় প্রকল্পগুলো গৃহহীন প্রাক্তন সেনাকর্মী এবং ঘরোয়া সহিংসতা থেকে রক্ষা পাওয়া মানুষজন সহ দুর্বল নিউ ইয়র্কবাসীদের, নিরাপদ, স্থায়ী বাসস্থান এবং পরিষেবা এবং দুরবস্থা থেকে মুক্তি পেতে এবং গৃহহীনতার চক্রটি ভাঙতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।”

অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance) গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির (Homeless Housing and Assistance Program, HHAP) একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে প্রদত্ত এই অনুদানগুলি হলো গভর্নর হোকলের 25

বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ যা পরিকল্পনাটি পুরো নিউ ইয়র্কে দুর্বল জনগোষ্ঠীর জন্য সহায়ক সেবা সহ 10,000টি সহ 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করবে।

**নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন,** “নিউ ইয়র্ক স্টেট জুড়ে অত্যন্ত প্রয়োজনীয় স্থায়ী সহায়ক আবাসনের সরবরাহ বাড়ানোর ক্ষেত্রে গভর্নর হোকলের দীর্ঘস্থায়ী প্রতিশ্রুতি এবং গৃহহীনতার সম্মুখীন হওয়া বা ঝুঁকিতে থাকা পরিবারবর্গের জীবনকে রূপান্তরের ক্ষেত্রে সহায়ক আবাসনের ক্ষমতাকে উপলব্ধি করার জন্য আমরা তার কাছে কৃতজ্ঞ। সম্পূর্ণ হয়ে গেলে, OTDA-এর গৃহহীন আবাসন এবং সহায়তা কর্মসূচির মাধ্যমে অর্থায়ন করা এই প্রকল্প গুচ্ছ, শতাধিক দুর্বল নিউ ইয়র্কবাসীকে আবাসনের নিরাপত্তা এবং নির্দিষ্ট কিছু অন-সাইট সহায়ক পরিষেবা প্রদান করবে।”

এই সাম্প্রতিক অর্থবরাদেদের মাধ্যমে HHAP অর্থবছর 2024 বাজেটে প্রদত্ত 128 মিলিয়ন মার্কিন ডলার তহবিলের মধ্যে সম্পূর্ণতা এবং অর্থবছর 2025 এর কার্যকর করা বাজেটে 128 মিলিয়ন ডলারের মধ্যে 50 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদানের প্রতিশ্রুতি করে ফেলেছে।

সংস্থা	কাউন্টি	পরিমাণ
ক্যাথলিক চ্যারিটিজ অফ শেনাঙ্গ (Catholic Charities of Chenango)	শেনাঙ্গ কাউন্টি	2 মিলিয়ন মার্কিন ডলার
ডাচেস কাউন্টি ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস (Dutchess County Department of Social Services)	ডাচেস কাউন্টি	13 মিলিয়ন মার্কিন ডলার
কর্টল্যান্ড হাউজিং এ্যাসিস্টেন্স কাউন্সিল (Cortland Housing Assistance Council)	কর্টল্যান্ড কাউন্টি	2 মিলিয়ন মার্কিন ডলার
রচেস্টার হাউজিং অথরিটি (Rochester Housing Authority)	মনর কাউন্টি	4.5 মিলিয়ন মার্কিন ডলার
ওয়েললাইফ নেটওয়ার্ক আইএনসি. (WellLife Network, Inc.)	ব্রঙ্কস কাউন্টি	9.9 মিলিয়ন মার্কিন ডলার
রিজিওনাল ইকোনোমিক কমিউনিটি অ্যাকশন প্রোগ্রাম, আইএনসি. (Regional Economic Community Action Program, Inc.)	অরেঞ্জ কাউন্টি	4.9 মিলিয়ন মার্কিন ডলার
সামারিটান ডেটপ ভিলেজ আইএনসি. (Samaritan Daytop Village, Inc.)	ব্রঙ্কস কাউন্টি	15 মিলিয়ন মার্কিন ডলার
ইউনিক পিপল সার্ভিসেস, আইএনসি. (Unique People Services, Inc.)	ব্রঙ্কস কাউন্টি	10 মিলিয়ন মার্কিন ডলার
দ্যা ইউটিকা সেন্টার ফর ডেভেলপমেন্ট, আইএনসি. (The Utica Center for Development, Inc.)	ওনেইডা কাউন্টি	10 মিলিয়ন মার্কিন ডলার
রুপকো আইএনসি. (RUPCO, Inc.)	উলস্টার কাউন্টি	15 মিলিয়ন মার্কিন ডলার

ফ্রেন্ডস অফ লিটল পোর্শন ফ্রায়ারি (Friends of Little Portion Friary)	ইরি কাউন্টি	150,000 মার্কিন ডলার*
--	-------------	--------------------------

\* বাসার জরুরি মেরামত

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)